ইত্তেফাক

তারিখ ২২।১১।৭৯
পৃষ্ঠা ... কলাম ...

৫৫৭

# সরকারী কলেজ শিক্ষক ধর্মঘট অব্যাহত

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) সারাদেশের সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘটের তৃতীয় দিবস অতিবাহিত হইয়াছে। গতকাল বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির এক প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয় যে, রাজধানীর ঢাকা কলেজসহ দেশের ৫৪টি সরকারী কলেজে পূর্ণ ধর্মঘট অব্যাহত রহিয়াছে এবং দাবী পূরণ না হওয়া পর্যন্ত এই ধর্মঘট চলিবে।

এদিকে গতকাল ঢাকা কলেজের অধ্যক্ষ বলেন, "এখানকার শিক্ষকগণ কলেজে যথারীতি উপস্থিত আছেন, তাঁহারা ধর্মঘটে অংশগ্রহণ করেন নাই, তাঁহারা বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির বর্তমান নেতৃত্বের উপর আস্থাশীল নহেন। কলেজে সকালে প্রথম ক্লাসটি সুষ্ঠু ভাবে অনুষ্ঠিত হইয়াছে। তবে ইহার পর ছাত্র নামধারী বহিরাগত তরুণরা আসিয়া কলেজের ভিতরকার কিছুসংখ্যক ছাত্রকে সঙ্গে লইয়া ছাত্রদেরকে ক্লাস বরকট করিতে বাধ্য করে। তাই পরবর্তী ক্লাসগুলি অনুষ্ঠিত হইতে পারে নাই।"

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির এক প্রেসবিজ্ঞপ্তিতে গতকাল পত্রিকায় প্রকাশিত সরকারী প্রেসনোটকে বিভ্রান্তিমূলক এবং শিক্ষক ও শিক্ষার প্রতি অবহেলার একটি প্রমাণ বলিয়া মন্তব্য করা হয়।